গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
(মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৫০১.১১.০০১.২০-৮৩

তারিখ: ০২ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি-৫ এন ১

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর আওতায় জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে কোম্পানির আকর্ষণীয় বেতন স্কেলে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও কোম্পানির বেতন গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br><br>কোম্পানির বেতন গ্রেড-১২ | ১১ (এগার)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি | • সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ;<br>• কম্পিউটার অপারেটর হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা; এবং<br>• কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ। প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে। |
| ২. | হিসাবরক্ষক<br>কোম্পানির বেতন গ্রেড-১৪ | ১ (এক)টি | • হিসাব বিজ্ঞান অথবা ফাইন্যান্স অথবা ব্যবসায় প্রশাসনে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং<br>• প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে। | হিসাবরক্ষক হিসেবে কমপক্ষে ০১ (এক) বছরের কাজের অভিজ্ঞতা |
| ৩. | স্টোর কিপার<br>কোম্পানির বেতন গ্রেড-১৪ | ১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি | সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ |
| ৪. | সার্ভেয়ার<br>কোম্পানির বেতন গ্রেড-১৪ | ২ (দুই)টি | • কোন স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হতে অন্যূন ৪ বছর মেয়াদী সার্ভে ডিপ্লোমা; এবং<br>• প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে | সার্ভেয়ার হিসেবে কমপক্ষে ০১ (এক) বছরের কাজের অভিজ্ঞতা |
| ৫. | ডাটা এন্ট্রি অপারেটর<br><br>কোম্পানির বেতন গ্রেড-১৬ | ২ (দুই)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি | • সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ;<br>• কম্পিউটার অপারেটর হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা; এবং<br>• কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ। প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে। |

শর্তসমূহঃ

১। শুধুমাত্র প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তবে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এ নিয়োগের সুযোগ থাকলে Performance-এর ভিত্তিতে অগ্রাধিকার পাবেন।

২। প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৩। নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট www.bangladesh.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৪। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি;

(খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি;

(ঘ) স্নাতক ও ডিপ্লোমা (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার মার্কসীটের ছায়ালিপি; এবং

(ঙ) সকল প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।

৫। আবেদনপত্রের সাথে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদির **মূল কপি** সংযুক্ত করতে হবেঃ

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র; এবং

(খ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

৬। শিক্ষাক্ষেত্রে কোন পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৭। পরীক্ষার ফি বাবদ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে করে মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৮। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯। **প্রার্থীদের বয়সসীমা ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছর ৫ মাসের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর ৫ মাস।**

১০। খামের উপর বাম দিকে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১১। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/কোম্পানি/প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১২। হিসাবরক্ষক ও স্টোর কিপার পদের আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শুধুমাত্র মৌখিক পরীক্ষায় ডাকা হবে।

১৩। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, সার্ভেয়ার ও ডাটা এন্ট্রি অপারেটর পদের আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের শুধুমাত্র মৌখিক পরীক্ষায় ডাকা হবে।

১৪। কোন পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৬। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সঙ্গে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদ, স্নাতক ও ডিপ্লোমা (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার মার্কসীট, জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৮। যে কোন বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯। কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ পদের সংখ্যা বাড়ানো, কমানো, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

২০। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

২১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। যে কোন ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২৩। (ক) আবেদনপত্র **আগামী ১৮ অক্টোবর ২০২০ তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০** এর বরাবরে পৌছাতে হবে।

(খ) হাতে হাতে কোন আবেদনপত্র দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

২৪। পুলিশ ভেরিফিকেশন ফরম DMTCL এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd-এ পাওয়া যাবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে দাখিল করতে হবে।

২৫। প্রথমে ০১ (এক) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সাথে সম্পন্ন করলে চাকুরী নিশ্চিত করে প্রকল্প মেয়াদের জন্য নিয়োগ প্রদান করা হবে।

29/09/2020

মো: আফতাব হোসেন খান
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
(লাইন-৫): নর্দার্ন রুট